সংযুক্তি - ১
P - 3 to 19

১ম কোয়ার্টার
P - 3 to 5

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
নৈতিকতা কমিটি

বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ১ম (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) কোয়ার্টার সভার কার্যবিবরণী।।

সভাপতি	মোঃ আমীর ফয়সাল মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল
সভার তারিখ	০৩.০৮.২০২২
সভার সময়	বিকাল ৩:০০ ঘটিকা
স্থান	মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া
উপস্থিতি	উপস্থিতি তালিকা সংযুক্ত

০৩.০৮.২০২২ তারিখে কোম্পানির নৈতিকতা কমিটির ১ম (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) কোয়ার্টারে একটি সভা কোম্পানির মিটিং রুমে কমিটির সভাপতি, জনাব মোঃ আমীর ফয়সাল, মহাব্যবস্থাপক(টেকনিক্যাল সার্ভিসেস)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর কার্য বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণসহ নৈতিকতা কমিটির সদস্যগণ সভায় অংশগ্রহণ করেন। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

১.০আলোচনা

১.১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ১ম (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রা কমিটির সদস্য-সচিব সভায় উত্থাপন করেন। নৈতিকতা কমিটির সদস্যগণসহ উপস্থিত সকলেই এ বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনান্তে সভাপতির সম্মিতক্রমে ১ম কোয়ার্টারের অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আগস্ট, ২০২২ এর শেষ সপ্তাহে আয়োজনের বিষয়ে সভায় সর্বসম্মতি জ্ঞাপন করা হয়।

১.২। কমিটির সদস্য-সচিব সভায় উল্লেখ করেন যে, ৩১ জুলাই, ২০২২ এর মধ্যে '২০২২-২০২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ' এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ), জনাব মোঃ রশিদুল ইসলাম সভাকে অবহিত করেন যে, গত ২৭.০৭.২০২২ তারিখে ২০২২-২০২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা কোম্পানির নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। যথাসময়ে কার্য বাস্তবায়নের জন্য সভা উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ)-কে ধন্যবাদ জ্ঞাপন করে। সভাপতি মহোদয় '২০২২-২০২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ' এর বিষয়টি পেট্রোবাংলাকে যথাসময়ে প্রমাণকসহ অবিহত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

১.৩। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের প্রতি কোয়ার্টারে 'সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ' এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), জনাব জোহরা আক্তার-কে দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, ইতোমধ্যে তিনি কর্মকর্তাদের পিআরএল সংক্রান্ত সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্টারে সংরক্ষণের জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন। সভাপতি মহোদয় আলোচ্য সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্টারে সংরক্ষণের বিষয়টি যথাযথভাবে লিপিবদ্ধ করার জন্য নির্দেশনা প্রদান করেন।

২.০**সিদ্ধান্ত:**

২.১। কমিটির ফোকাল পয়েন্ট ১ম কোয়ার্টারের অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আগস্ট, ২০২২ এর শেষ সপ্তাহে আয়োজন করবেন।

২.২। '২০২২-২০২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ' এর বিষয়টি পেট্রোবাংলাকে যথাসময়ে প্রমাণকসহ অবিহত করতে হবে।

২.৩। ব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ)-কর্মকর্তা, জনাব জোহরা আক্তার পিআরএল সংক্রান্ত সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্টারে সংরক্ষণের বিষয়টি যথাযথভাবে প্রতিপালন করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আমীর ফয়সাল
মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও
সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩২.৩৩.০০১.২২.৮০৫

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯
০৮ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা।
২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
৩) উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ), স্থানীয় সংগ্রহ বিভাগ , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৪) ব্যবস্থাপক (আইডব্লিউটি), বিজিএফসিএল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫) ব্যবস্থাপক, পিআরএল এন্ড লিভ শাখা (কর্মকর্তা) , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

মোহাম্মদ জোয়াদ আলী
ব্যবস্থাপক (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট,
নৈতিকতা কমিটি, বিজিএফসিএল

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।

বিষয় : নৈতিকতা কমিটির সভা

তারিখ: ০৩.০৮.২০২২

ক্রমিক নং	নাম ও পদবি	স্বাক্ষর
১	মোঃ আমীর ফয়সাল মহাব্যবস্থাপক(টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি নৈতিকতা কমিটি, বিজিএফসিএল	6/8/22
২	মোঃ জাকির হোসেন তরফদার উপ-মহাব্যবস্থাপক(তিতাস ফিল্ড-দক্ষিণ) ও সদস্য নৈতিকতা কমিটি, বিজিএফসিএল	03.8.22
৩	মোঃ আশরাফুল আলম উপ-মহাব্যবস্থাপক (কনডেনসেট প্রসেসিং)-তিতাস	03/08/22
৪	মোঃ আমান উল্লাহ বাহার উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল) ও সদস্য নৈতিকতা কমিটি, বিজিএফসিএল	03.8.2022
৫	মোঃ আব্দুর রফিক প্রামানিক উপ-মহাব্যবস্থাপক(পাওয়ার জেনাঃ এন্ড ফিল্ড মেইন.) ও সদস্য নৈতিকতা কমিটি, বিজিএফসিএল	03.8.22
৬	মোঃ রশীদুল ইসলাম উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ)	০৩/০৮/২২
৭	আবদুর রাজ্জাক খান উপ-মহাব্যবস্থাপক(ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) ও সদস্য নৈতিকতা কমিটি, বিজিএফসিএল	03.08.2022
৮	ফয়েজ উদ্দিন আহামেদ উপ-মহাব্যবস্থাপক (ট্রান্সপোর্ট)	০৩/৮/২২
৯	মোহাম্মদ জোয়াদ আলী ব্যবস্থাপক(প্রশাসন) ও সদস্য-সচিব নৈতিকতা কমিটি, বিজিএফসিএল	০৩/০৮/২২
১০	শুভঙ্কর কুমার সাহা ব্যবস্থাপক(প্রশিক্ষণ)	০৩/০৮/২০২২
১১	জোহরা আক্তার ব্যবস্থাপক(পিআরএল এন্ড লীভ)-কর্মকর্তা	০৩/০৮/২০২২
১২	মোহাম্মদ শফিকুল ইসলাম ব্যবস্থাপক(ফায়ার সেফটি) তিতাস ফিল্ড (দক্ষিণ) বিভাগ	০৩.০৮.২০২২

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
নৈতিকতা কমিটি।

বিজিএফসিএল এর শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ শোয়েব ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
সভার তারিখ	১৯ অক্টোবর ২০২২
সভার সময়	১০:০০ ঘটিকা।
স্থান	মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।
উপস্থিতি	কমিটির সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ (উপস্থিতি তালিকা সংযুক্ত)।

গত ১৯ অক্টোবর ২০২২ তারিখে বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) সভা কমিটির সভাপতি মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টার (অক্টোবর - ডিসেম্বর, ২০২২) এর কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধি-সহ নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সভায় অংশগ্রহণ করেন (উপস্থিতির তালিকা)। সভার শুরুতে সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয় :

১.০ আলোচনা :

১.১। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম কোয়ার্টার (জুলাই - সেপ্টেম্বর, ২০২২) এর বাস্তবায়ন প্রতিবেদন ইতোমধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে, যাতে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হওয়ার আশা করা যাচ্ছে। ১ম কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা সম্ভব হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জানান।

১.২। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টারে (অক্টোবর - ডিসেম্বর, ২০২২) 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ১টি সভা' আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এতদ্‌বিষয়ে সভায় বিষদ আলোচনা হয়। উপস্থিত কমিটির সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেন এবং সিদ্ধান্ত গৃহিত হয় যে, অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভাটি ডিসেম্বর-২০২২ মাসের সুবিধাজনক সময়ে আয়োজন করা যেতে পারে।

১.৩। বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টারে ২০ জন জনবল-কে 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে বলে কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন। প্রশিক্ষণ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ বিল্লাল হোসেন, উপ-মহাব্যবস্থাপক(মানবসম্পদ) এর পক্ষে সভায় উপস্থিত জনাব শুভঙ্কর কুমার সাহা, ব্যবস্থাপক(প্রশিক্ষণ) জানান যে, মানবসম্পদ বিভাগ কর্তৃক বর্ণিত প্রশিক্ষণটি নভেম্বর-২০২২ মাসে বাস্তবায়ন করা হবে।

১.৪। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর প্রত্যেক কোয়ার্টারে 'সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ' এর বিষয়টি উল্লেখ আছে। এ বিষয়ে সভায় উপস্থিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক(প্রশাসন) এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, কর্মকর্তাদের পিআরএল সংক্রান্ত সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্ট্রারে সংরক্ষণ করা হচ্ছে, যা ইতোমধ্যে ১ম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদনের প্রমাণক হিসেবে প্রদান করা হয়েছে।

১.৫। কমিটির সদস্য-সচিব কর্তৃক সভাকে এই মর্মে অবহিত করা হয় যে, চলতি অর্থ-বছরের ২য় কোয়ার্টারে শুদ্ধাচার সংশ্লিষ্ট/দুর্নীতি বিরোধী স্লোগান সম্বলিত ওয়াল ক্যালেন্ডার তৈরী ও বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। সভায় উপস্থিত সকলেই বিষয়টির উপর আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মতামত ব্যক্ত করেন। পরবর্তীতে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠনের মাধ্যমে লক্ষমাত্রা অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে কোম্পানি ও এনআইএস এর মনোগ্রাম এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট/দুর্নীতি বিরোধী স্লোগান সম্বলিত ২০২৩ সালের ওয়াল ক্যালেন্ডার তৈরী ও বিতরণের বিষয়ে সকলে অভিমত ব্যক্ত করেন :

ক)	জনাব এম, কে, মাসুক উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ), বৈদেশিক সংগ্রহ বিভাগ ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	- আহবায়ক
খ)	জনাব মোঃ আসাদুল ইসলাম ব্যবস্থাপক (স্টোর একাউন্টস্), হিসাব বিভাগ বিজিএফসিএল।	- সদস্য
গ)	জনাব মোঃ রাগেব হাসনাইন ব্যবস্থাপক (জনসংযোগ), জনসংযোগ বিভাগ ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	- সদস্য-সচিব

১.৬। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টারে গাড়ীর লগবই পরীক্ষণ এর বিষয়টি অন্তর্ভুক্ত আছে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব ফয়েজ উদ্দিন আহমেদ, উপ-মহাব্যবস্থাপক(ট্রান্সপোর্ট) সভাকে জানান যে, গাড়ীর লগ বই যথাযথভাবে মেইনটেইন করা হচ্ছে। সভাপতি কোন

গাড়ি Handover/Takeover এর ক্ষেত্রে Inventory সংক্রান্ত তথ্যসহ গাড়ীর টায়ার বা বড় ধরনের যন্ত্রাংশ পরিবর্তনের তথ্য Dispatch Note (DN) এ উল্লেখ করার নির্দেশনা প্রদান করেন।

১.৭। নৈতিকতা কমিটির সদস্য-সচিব সভাকে আরো জান যে, চলতি অর্থ-বছরের ২য় কোয়ার্টারে 'কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরি' এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ আশরাফুল আলম, উপ-মহাব্যবস্থাপক (কনডেনসেট প্রসেসিং)-এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরির কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করে নৈতিকতা কমিটিকে অবহিত করা হবে।

২.০। **সিদ্ধান্ত** :

২.১। বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) অংশীজন (Stakeholders) এর অংশগ্রহণে সভা আগামী ডিসেম্বর-২০২২ মাসে আয়োজন করতে হবে।

২.২। হিউম্যান রিসোর্সেস বিভাগ বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর আওতায় ২য় কোয়ার্টারের নভেম্বর-মাসে ন্যূনতম ২০ জন জনবল-কে 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।

২.৩। 'সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ' এর কাজটি ১ম কোয়ার্টারের ন্যায় ২য় কোয়ার্টারেও অব্যাহত রাখতে হবে এবং এর কপি ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে নৈতিকতা কমিটিকে প্রদান করবে।

২.৪। নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠনের মাধ্যমে লক্ষমাত্রা অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে কোম্পানি ও এনআইএস মনোগ্রাম এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট/দুর্নীতি বিরোধী স্লোগান সম্বলিত ২০২৩ সালের ওয়াল ক্যালেন্ডার তৈরী ও বিতরণ করতে হবে :

ক)	জনাব এম, কে, মাসুক উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ), বৈদেশিক সংগ্রহ বিভাগ ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	- আহবায়ক
খ)	জনাব মোঃ আসাদুল ইসলাম ব্যবস্থাপক (স্টোর একাউন্টস্), হিসাব বিভাগ বিজিএফসিএল।	- সদস্য
গ)	জনাব মোঃ রাগেব হাসনাইন ব্যবস্থাপক (জনসংযোগ), জনসংযোগ বিভাগ ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	- সদস্য-সচিব

২.৫। ট্রান্সপোর্ট বিভাগ চলতি অর্থ-বছরের ২য় কোয়ার্টারে গাড়ীর লগবই পরীক্ষণ এর কাজটি যথাযথভাবে সম্পন্ন করে লক্ষমাত্রা অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে নৈতিকতা কমিটিকে অবহিত করবে।

২.৬। কনডেনসেট প্রসেসিং বিভাগ চলতি অর্থবছরের ২য় কোয়ার্টারে কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরির কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করে লক্ষমাত্রা অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে নৈতিকতা কমিটিকে অবহিত করবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি,
নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.২২

তারিখ: ১০ কার্তিক ১৪২৯
২৬ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা।
২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
৩) উপ-মহাব্যবস্থাপক (কনডেনসেট প্রসেসিং), বিজিএফসিএল।
৪) উপ-মহাব্যবস্থাপক (সিভিল), বিজিএফসিএল।
৫) উপ-মহাব্যবস্থাপক (মানব সম্পদ), বিজিএফসিএল।
৬) উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), বিজিএফসিএল।
৭) উপ-মহাব্যবস্থাপক (ট্রান্সপোর্ট), বিজিএফসিএল।
৮) ব্যবস্থাপক (আইডব্লিউটি), ,বিজিএফসিএল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি,
নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।

নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির বিবরণী

তারিখ : ১৯ অক্টোবর ২০২২

ক্রমিক নং	নাম ও পদবি	স্বাক্ষর
১।	মোঃ শোয়েব ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১৯/১০/২০২২
২।	উত্তম কুমার সরকার মহাব্যবস্থাপক (অপারেশন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১৯/১০/2022
৩।	এম, কে, মাসুক উপ-মহাব্যবস্থাপক(বৈদেশিক সংগ্রহ) ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১৯/১০/২২
৪।	আবদুর রাজ্জাক খান উপ-মহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	19.10.2022
৫।	মোহাম্মদ মোস্তফা কামাল ব্যবস্থাপক (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১৯/১০/2022
৬।	মোঃ রাগেব হাসনাইন ব্যবস্থাপক (জনসংযোগ) ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	19.10.2022
৭।	মোঃ আশরাফুল আলম উপ-মহাব্যবস্থাপক (কনডেনসেট প্রসেসিং), বিজিএফসিএল।	19/10/22
৮।	মোঃ আমান উল্লাহ বাহার উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল), বিজিএফসিএল।	19.10.2022
৯।	মোঃ গোলাম মোস্তফা উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), বিজিএফসিএল।	১৯/১০/2022
১০।	ফয়েজ উদ্দিন আহামেদ উপ-মহাব্যবস্থাপক (ট্রান্সপোর্ট), বিজিএফসিএল।	১৯/১০/22
১১।	শুভঙ্কর কুমার সাহা ব্যবস্থাপক (প্রশিক্ষণ), বিজিএফসিএল।	১৯/১০/২২
১২।		
১৩।		

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
নৈতিকতা কমিটি।

বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৩) এ আয়োজিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ শোয়েব ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি-নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
সভার তারিখ	১৭ জানুয়ারি ২০২৩
সভার সময়	১০:০০ ঘটিকা।
স্থান	মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।
উপস্থিতি	কমিটির সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ (উপস্থিতি তালিকা সংযুক্ত)।

গত ১৭ জানুয়ারি ২০২৩ তারিখে বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) সভা কমিটির সভাপতি মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৩) এর কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধি-সহ নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সভায় অংশগ্রহণ করেন (উপস্থিতির তালিকা (3893/potrojariAttachmentRef/62335/0/3505))। সভার শুরুতে সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয় :

১.০ আলোচনা :

১.১। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) এর বাস্তবায়ন প্রতিবেদন ইতোমধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে, যাতে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হওয়ার আশা করা যাচ্ছে। ২য় কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা সম্ভব হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জানান।

১.২। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টারে (জানুয়ারি-মার্চ, ২০২৩) 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ১টি সভা' আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে কমিটির সভাপতি বলেন, ডেভেলপমেন্ট পার্টনারদের নিয়ে সভা করলে সেবা প্রদানের ক্ষেত্রে সরাসরি সুচিন্তিত মতামত পাওয়া যায়, যার মাধ্যমে সুবিধা-অসুবিধাগুলো সম্পর্কে অবগত হওয়া যায় এবং কোম্পানি পর্যায়ে উত্তম সেবা প্রদানে করনীয় বিষয়েও ধারণা পাওয়া যায়। এ বিষয়ে উপস্থিত সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেন এবং সিদ্ধান্ত গৃহিত হয় যে, অংশীজন (Stakeholders) হিসেবে ডেভেলপমেন্ট পার্টনারদের অংশগ্রহণে সভাটি ফেব্রুয়ারি-২০২৩ মাসের সুবিধাজনক সময়ে আয়োজন করা যেতে পারে।

১.৩। বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টারে ২০ জন জনবল-কে 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে বলে কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন। কমিটির সদস্য-সচিব কোম্পানিতে নতুন যোগদানকারী কর্মকর্তাদের নিয়ে প্রশিক্ষণের আয়োজন করার প্রস্তাব করলে কমিটির সম্মানিত সদস্য, মহাব্যবস্থাপক(অপারেশন) মহোদয় বলেন যে, নতুন যোগদানকারী কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হলে তাঁরা শুদ্ধাচার বিষয়ে জানতে পারবে এবং প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষণীয় দিকগুলো অফিসে তাদের কর্মকান্ডে ব্যবহার করতে পারবে। প্রশিক্ষণ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক(মানব সম্পদ) এর পক্ষে সভায় উপস্থিত জনাব শুভঙ্কর কুমার সাহা, ব্যবস্থাপক(প্রশিক্ষণ) জানান যে, মানব সম্পদ বিভাগ কর্তৃক নতুন যোগদানকারী কর্মকর্তাদের অংশগ্রহণে বর্ণিত প্রশিক্ষণটি মার্চ-২০২৩ মাসে বাস্তবায়ন করা হবে।

১.৪। সভায় কমিটির সদস্য-সচিব আরো অবহিত করেন যে, চলতি অর্থবছরের ৩য় কোয়ার্টারে কর্ম-পরিবেশ উন্নয়নের আওতায় টিওএন্ডই-ভুক্ত ১(এক) লট অকেজো মালামাল নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। সভায় উপস্থিত অকেজো মালামাল নিষ্পত্তিকরণের বাস্তবায়নকারী কর্মকর্তা জনাব মোঃ শফিকুল ইসলাম, ব্যবস্থাপক (ফায়ার সেফটি-তিতাস দক্ষিণ) সভাকে অবহিত করেন যে, মার্চ-২০২৩ এর মধ্যে উক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণের কাজটি বাস্তবায়ন করা হবে।

১.৫। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর প্রত্যেক কোয়ার্টারে 'সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ' এর বিষয়টি উল্লেখ আছে। এ বিষয়ে সভায় উপস্থিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যবস্থাপক(পিআরএল এন্ড লীভ) এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, কর্মকর্তাদের পিআরএল সংক্রান্ত সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্ট্রারে সংরক্ষণ করা হচ্ছে, যা ইতোমধ্যে ১ম ও ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদনের প্রমাণক হিসেবে প্রদান করা হয়েছে।

১.৬। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টারে গাড়ীর লগবই পরীক্ষণ এর বিষয়টি অন্তর্ভুক্ত আছে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব ফয়েজ উদ্দিন আহমেদ, উপ-মহাব্যবস্থাপক(ট্রান্সপোর্ট) সভাকে জানান যে, গাড়ীর লগ বই যথাযথভাবে মেইনটেইন করা হচ্ছে এবং একটি কমিটি গঠনের মাধ্যমে উক্ত লগবই পরীক্ষণ এর কাজটি সম্পাদন করা হয়, যা ইতোমধ্যে ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদনের প্রমাণক হিসেবে প্রদান করা হয়েছে।

২.০। সিদ্ধান্ত :

২.১। বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টারের অংশীজন (Stakeholders) হিসেবে ডেভেলপমেন্ট পার্টনারদের অংশগ্রহণে সভা আগামী ফেব্রুয়ারি-২০২৩ মাসে আয়োজন করতে হবে।

২.২। মানব সম্পদ বিভাগ বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর আওতায় ৩য় কোয়ার্টারের মার্চ-২০২৩ মাসে ন্যূনতম ২০ জন নতুন যোগদানকারী কর্মকর্তা-কে 'শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ' প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।

২.৩। কর্ম-পরিবেশ উন্নয়নের আওতায় টিওএন্ডই-ভুক্ত ১(এক) লট অকেজো মালামাল নিষ্পত্তিকরণের কাজটি ৩১ মার্চ ২০২৩ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে।

২.৪। 'সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ' এর কাজটি ১ম ও ২য় কোয়ার্টারের ন্যায় ৩য় কোয়ার্টারেও অব্যাহত রাখতে হবে এবং এর কপি ৩১ মার্চ ২০২৩ তারিখে নৈতিকতা কমিটিকে প্রদান করবে।

২.৫। ট্রান্সপোর্ট বিভাগ চলতি অর্থ-বছরের ২য় কোয়ার্টারের ন্যায় ৩য় কোয়ার্টারেও গাড়ীর লগবই পরীক্ষণ এর কাজটি যথাযথভাবে সম্পন্ন করে লক্ষমাত্রা অনুযায়ী ৩১ মার্চ ২০২৩ তারিখের মধ্যে নৈতিকতা কমিটিকে অবহিত করবে।

সবশেষে সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, প্রতি কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়ে থাকে। এ বিষয়ে সভাপতি বলেন, পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে এবং সকল প্রকার প্রমাণক সহকারে প্রতিবেদন দাখিল করতে হবে। সদস্য-সচিব সভার সিদ্ধান্তগুলো নির্দিষ্ট সময়ে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি-নৈতিকতা
কমিটি, বিজিএফসিএল।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৪

তারিখ: ৯ মাঘ ১৪২৯
২৩ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা।
২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
৩) উপ-মহাব্যবস্থাপক (সিভিল), বিজিএফসিএল।
৪) উপ-মহাব্যবস্থাপক (ট্রান্সপোর্ট), বিজিএফসিএল।
৫) ব্যবস্থাপক (প্রশিক্ষণ), মানব সম্পদ বিভাগ, বিজিএফসিএল।
৬) ব্যবস্থাপক (আইডব্লিউটি), আইসিটি বিভাগ, বিজিএফসিএল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭) ব্যবস্থাপক(পিআরএল এন্ড লিভ)-কর্মকর্তা, পিআরএল এন্ড লিভ বিভাগ, বিজিএফসিএল।
৮) ব্যবস্থাপক (ফায়ার সেফটি), তিতাস ফিল্ড দক্ষিণ, বিজিএফসিএল।

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি-নৈতিকতা
কমিটি, বিজিএফসিএল।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।

নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির বিবরণী

তারিখ : ১৭ জানুয়ারি ২০২৩

ক্রমিক নং	নাম ও পদবি	স্বাক্ষর
১।	মোঃ শোয়েব ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১৭/০১/২০২৩
২।	উত্তম কুমার সরকার মহাব্যবস্থাপক (অপারেশন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১৭/০১/২০২৩
৩।	মোঃ আমান উল্লাহ বাহার উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল), বিজিএফসিএল।	17/01/2023
৪।	এম, কে, মাসুক উপ-মহাব্যবস্থাপক(বৈদেশিক সংগ্রহ) ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১৭/১/২৩
৫।	মোঃ গোলাম মোস্তফা উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), বিজিএফসিএল।	১৭/০১/২৩
৬।	আবদুর রাজ্জাক খান উপ-মহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	17.01.2023
৭।	ফয়েজ উদ্দিন আহামেদ উপ-মহাব্যবস্থাপক (ট্রান্সপোর্ট), বিজিএফসিএল।	১৭/১/২০২৩
৮।	শুভঙ্কর কুমার সাহা ব্যবস্থাপক (প্রশিক্ষণ), বিজিএফসিএল।	১৭/০১/২০২৩
৯।	মোঃ শফিকুল ইসলাম ব্যবস্থাপক (ফায়ার এন্ড সেফটি)-তিতাস দক্ষিণ, বিজিএফসিএল।	১৭.০১.২০২২
১০।	জোহরা আক্তার ব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ)-কর্মকর্তা, বিজিএফসিএল।	১৭/০১/২০২৩
১১।	মোহাম্মদ মোস্তফা কামাল ব্যবস্থাপক (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১৭/০১/২০২৩
১২।	মোঃ রাগেব হাসনাইন ব্যবস্থাপক (জনসংযোগ) ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১৭.১.২৩
১৩।		

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

নৈতিকতা কমিটি।

বিজিএফসিএল এর শূদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৩) এ আয়োজিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ শোয়েব ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)
সভার তারিখ	১১ এপ্রিল ২০২৩
সভার সময়	১০:০০ ঘটিকা।
স্থান	মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।
উপস্থিতি	কমিটির সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ (উপস্থিতি তালিকা সংযুক্ত)।

গত ১১ এপ্রিল ২০২৩ তারিখে বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২৩) এর সভা কমিটির সভাপতি মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২৩) এর কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণসহ নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সভায় অংশগ্রহণ করেন। সভার শুরুতে সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয় :

১.০ আলোচনা :

সদস্য-সচিব সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দসহ উপস্থিত উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ) এবং উপমহাব্যবস্থাপক (সিভিল)-কে শুভেচ্ছা জানিয়ে সংশ্লিষ্ট বিষয়াবলী সভায় উপস্থাপন করেন। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা হয় :

১.১। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৩) এর বাস্তবায়ন প্রতিবেদন ইতোমধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে, যাতে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হওয়ার আশা করা যাচ্ছে। ৩য় কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা সম্ভব হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জানান।

১.২। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৪র্থ কোয়ার্টারে (এপ্রিল-জুন, ২০২৩) 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ১টি সভা' আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে কমিটির সদস্য-সচিব বলেন, ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৩) এ অংশীজন

(Stakeholders) হিসেবে কোম্পানির ডেভেলপমেন্ট পার্টনারদের নিয়ে সভা করা হয়েছিল। এ প্রেক্ষিতে, বর্তমান ৪র্থ কোয়ার্টারে অংশীজন (Stakeholders) হিসেবে পেট্রোবাংলা ও এর অধিনস্ত অন্যান্য কোম্পানির প্রতিনিধি-কে নিয়ে সভা করা যেতে পারে। এ বিষয়ে উপস্থিত সদস্যগণ তাদের মতামত ব্যক্ত করেন এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় যে, অংশীজন (Stakeholders) হিসেবে পেট্রোবাংলা ও এর অধিনস্ত অন্যান্য কোম্পানির প্রতিনিধির অংশগ্রহণে ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে সুবিধাজনক সময়ে সভা-টি আয়োজন করতে হবে।

১.৩। সভায় কমিটির সদস্য-সচিব অবহিত করেন যে, চলতি অর্থ-বছরের ৪র্থ কোয়ার্টারে কর্ম-পরিবেশ উন্নয়নের আওতায় প্রধান কার্যালয় কমপ্লেক্সের কর্মকর্তা আবাসিক এলাকার ডাস্টবিন সংস্কার ও সম্প্রসারণের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। সভায় উপস্থিত উক্ত কাজের বাস্তবায়নকারী কর্মকর্তা জনাব মোঃ মাহবুবুর রহমান খান, উপমহাব্যবস্থাপক (সিভিল) সভাকে অবহিত করেন যে, সরকারের ব্যয় সংকোচন সংক্রান্ত নির্দেশনায় পুরকৌশল সংক্রান্ত কার্যক্রম সীমিত করা হয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন, পুরকৌশল কার্যক্রম সীমিত করা হলেও মেরামত ও সংস্কার কাজে বাধা নেই বলে প্রতীয়মান। তাছাড়া, পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়টির প্রতি মন্ত্রণালয়ের বিশেষ তাগিদ রয়েছে। ফলে, ডাস্টবিনটির সংস্কার ও সম্প্রসারণ কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদন করা যেতে পারে। এক্ষেত্রে তিনি বর্জ্য ফেলার এবং বর্জ্য অপসারণের কার্যক্রম কিভাবে সুবিধাজনক ও সহজসাধ্য করা যায়, ডিজাইন প্রণয়নের ক্ষেত্রে এ বিষয়গুলো বিবেচনায় রাখার জন্য পরামর্শ প্রদান করেন।

১.৪। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর প্রত্যেক কোয়ার্টারে 'সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ' এর বিষয়টি উল্লেখ আছে। এ বিষয়ে সভায় উপস্থিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ জোয়াদ আলী, উপমহাব্যবস্থাপক(পিআরএল এন্ড লীভ) এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জানান যে, পিআরএল ও ছুটি সংক্রান্ত সেবা গ্রহণের জন্য আসা কর্মকর্তা/কর্মচারীদের-কে বিশেষ গুরুত্ব দেয়া হয় এবং সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্ট্রারে যথাযথভাবে সংরক্ষণ করা হয়। এ বিষয়ে তিনি আরো বলেন, সেবা গ্রহীতাগণের মতামত সম্বলিত উক্ত রেজিস্ট্রারের কপি ইতোমধ্যে শুদ্ধচার কৌশলের ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদনের প্রমাণক হিসেবে প্রদান করা হয়েছে, যা বর্তমান ৪র্থ কোয়ার্টারশেষেও প্রদান করা সম্ভব হবে।

১.৫। নৈতিকতা কমিটির সদস্য-সচিব সভাকে আরো জানান যে, চলতি অর্থ-বছরের ২য় কোয়ার্টারের ন্যায় ৪র্থ কোয়ার্টারেও 'কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরি' এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কমিটির সদস্য জনাব উত্তম কুমার সরকার, মহাব্যবস্থাপক(অপারেশন) এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, কোম্পানির সকল ফিল্ডের কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরির কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করে শুদ্ধচার কৌশলের ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদনের প্রমাণক হিসেবে প্রদান করা হয়েছিল, যা বর্তমান ৪র্থ কোয়ার্টারেও যথাসময়ে বাস্তবায়ন করে নৈতিকতা কমিটিকে প্রদান করা হবে।

১.৬। পেট্রোবাংলার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২-২০২৩ এর ২য় কোয়ার্টারের ফিডব্যাক সভায় কোম্পানিসমূহের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী-তে সিদ্ধান্ত অন্তর্ভূক্তির ক্ষেত্রে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় উল্লিখিত লক্ষ্যমাত্রাসমূহ হুবহু অন্তর্ভূক্ত না করে কর্ম-পরিকল্পনার বাইরে উত্তমচর্চা/সুশাসন প্রতিষ্ঠা/দুর্নীতি প্রতিরোধে সহায়ক কিছু সিদ্ধান্ত সংযোজনের পরামর্শ প্রদান করা হয়েছে, মর্মে সদস্য-সচিব সভাকে অবহিত করেন। এ বিষয়ে আলোচনাক্রমে বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটি কর্তৃক পেট্রোবাংলার অন্যান্য কোম্পানিসমূহের শুদ্ধাচার কৌশল বিষয়ক কার্যক্রম সম্পর্কে অবগত হওয়া ও অভিজ্ঞতা অর্জনের নিমিত্ত বিভিন্ন কোম্পানি পরিদর্শনের অভিমত প্রকাশ করা হয়। এ প্রেক্ষিতে, বর্তমান কোয়ার্টারে "বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড" এবং "মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড" পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২.০। সিদ্ধান্ত :

২.১। বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৪র্থ কোয়ার্টারের অংশীজন (Stakeholders) এর অংশগ্রহণে সভা পেট্রোবাংলা ও এর অধিনস্ত অন্যান্য কোম্পানির প্রতিনিধির অংশগ্রহণে আগামী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে

আয়োজন করতে হবে।

২.২। বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৪র্থ কোয়ার্টারের কর্ম-পরিবেশ উন্নয়নের আওতায় প্রধান কার্যালয় কমপ্লেক্সের কর্মকর্তা আবাসিক এলাকার ডাস্টবিন সংস্কার ও সম্প্রসারণের কাজটি আগামী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

২.৩। 'সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ' এর কাজটি ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারের ন্যায় বর্তমান ৪র্থ কোয়ার্টারেও অব্যাহত রাখতে হবে এবং এর কপি যথাসময়ে নৈতিকতা কমিটিকে প্রদান করতে হবে।

২.৪। কোম্পানির শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে কনডেনসেট স্টোরেজ ইনভেন্টরির কার্যক্রম বাস্তবায়ন করে প্রমাণকসহ যথাসময়ে নৈতিকতা কমিটিকে অবহিত করতে হবে।

২.৫। পেট্রোবাংলার অধিনস্ত কোম্পানিসমূহের শুদ্ধাচার কৌশল বিষয়ক কার্যক্রম সম্পর্কে অবগত হওয়া ও অভিজ্ঞতা অর্জনের নিমিত্ত বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটি কর্তৃক "বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড" এবং "মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড" পরিদর্শন করতে হবে।

সবশেষে সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, প্রতি কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়ে থাকে। এ বিষয়ে সভাপতি বলেন, পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে এবং সকল প্রকার প্রমাণক সহকারে প্রতিবেদন যথাযথভাবে দাখিল করতে হবে। সদস্য-সচিব সভার সিদ্ধান্তগুলো নির্দিষ্ট সময়ে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬-০৪-২০২৩
মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;
২। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল), স্ট্রাটেজিক প্লানিং এন্ড রিসোর্সেস মবিলাইজেশন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৪। উপ-মহাব্যবস্থাপক (সিভিল ইঞ্জিনিয়ারিং), সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড এবং
৫। উপমহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), পিআরএল এন্ড লীভ বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

২৬-০৪-২০২৩
মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

প্রধান কার্যালয়, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।

নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির বিবরণী

তারিখ : ১১ এপ্রিল ২০২৩

ক্রমিক নং	নাম ও পদবি	স্বাক্ষর
১।	মোঃ শোয়েব ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১১/০৪/২০২৩
২।	উত্তম কুমার সরকার মহাব্যবস্থাপক (অপারেশন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১১/০৪/২০২৩
৩।	এম, কে, মাসুক উপ-মহাব্যবস্থাপক(বৈদেশিক সংগ্রহ) ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১১/৪/২৩
৪।	আবদুর রাজ্জাক খান উপ-মহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	11.04.2023
৫।	মোঃ মাহবুবুর রহমান খান উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল), বিজিএফসিএল।	11.04.2023
৬।	মোঃ জোয়াদ আলি উপ-মহাব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), বিজিএফসিএল।	১১/০৪/২৩
৭।	মোহাম্মদ মোস্তফা কামাল ব্যবস্থাপক (প্রশাসন) ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১১.০৪.২০২৩
৮।	মোঃ রাগেব হাসনাইন ব্যবস্থাপক (জনসংযোগ) ও সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।	১১.৪.২৩